

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.২৩.২৭৭

তারিখ: ৮ পৌষ ১৪৩০

২৩ ডিসেম্বর ২০২৩

বিষয়: অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২৩-২০২৪ এর আওতায় রাজশাহী ও খুলনা বিভাগের অনুকূলে অতিরিক্ত সিদ্ধ চালের বরাদ্দ প্রদান।

সূত্র: ১। খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.৪৩.৩৫.০০৩.২৩.১৪৩, তারিখ: ১১.১২.২০২৩ খ্রি.

২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী দপ্তরের স্মারক নং ১৩.০১.০০০০.২৪৫.৩৫.০০৫.২৩.৬২৯৬, তারিখ: ২১.১২.২০২৩ খ্রি.

৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা দপ্তরের স্মারক নং ১৩.০১.০০০০.২৩০.৪৫.০০৪.২৩.১৩৮৪, তারিখ: ২২.১২.২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রস্ব ২ ও ৩নং স্মারকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী ও খুলনা তাদের বিভাগের অনুকূলে চালের প্রদত্ত লক্ষ্যমাত্রার অতিরিক্ত যথাক্রমে ৫৮৭২.২২০ মে.টন ও ৪৩৭২.৯৮০ মে.টন চালের বরাদ্দ প্রদানের জন্য চাহিদা প্রেরণ করেছেন। এক্ষেত্রে, সূত্রস্ব ১নং স্মারকে অতিরিক্ত প্রদানকৃত বরাদ্দ থেকে রাজশাহী বিভাগের অনুকূলে অতিরিক্ত ৫৮৭৩ মে.টন ও খুলনা বিভাগের অনুকূলে অতিরিক্ত ৪৩৭৩ মে.টন চালের বরাদ্দ নিম্নবর্ণিত শর্তে প্রদান করা হলো।

ক) অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এ যা কিছুই থাকুক না কেন সকল প্রকার অতিরিক্ত বরাদ্দ প্রদানের ক্ষেত্রে প্রাথমিকভাবে মিলারের সাথে চুক্তিকৃত চালের সর্বোচ্চ পরিমাণের অতিরিক্ত পরিমাণ বরাদ্দ প্রদান করা যাবে না। তবে প্রয়োজনে একই মিলার বরাবরে রিপোর্ট বরাদ্দ প্রদান করা যাবে।

খ) অতিরিক্ত চালের আবদনকারী মিলারদের অনুকূলে অবিলম্বে বরাদ্দ প্রদান করতে হবে। বরাদ্দ প্রদানে ও বরাদ্দ মোতাবেক বিনির্দেশ সম্মত চাল গুদামে সরবরাহের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্টগণ দায়ী থাকবেন।

এ বরাদ্দ প্রদানের ফলে রাজশাহী ও খুলনা বিভাগের সিদ্ধ চালের মোট লক্ষ্যমাত্রা দাঁড়াবে যথাক্রমে ১,০৬,৪০৩ মে.টন ও ৭০,৯০২ মে.টন।

অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশ সম্মত চাল ক্রয়ের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২৩-১২-২০২৩

মোঃ জহিরুল ইসলাম

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা/রাজশাহী

অতিরিক্ত পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ইমেইল: dproc@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.২৩.২৭৭/১(১৩)

তারিখ: ৮ পৌষ ১৪৩০
২৩ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য
- ৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য
- ৫) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো
- ৭) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য



২৩-১২-২০২৩

মোঃ জাহিরুল ইসলাম

অতিরিক্ত পরিচালক (চলতি দায়িত্ব)